



## Catch-Up Course

### सेतु सामग्री

श्रेणी - X

विषय - बांग्ला (BANGLA)



सहयोगिता - बिहार शिक्षा परियोजना परिषद, बिहार

अकादेमिक सहयोगिता - ইউনিसेফ, बिहार

राज्य शिक्षा गवेषणा एवं प्रशिक्षण परिषद बिहार, पाटना द्वारा विकशित

প্রিয় শিক্ষক,

আমরা সবাই জানি এই কোরোনা মহামারিতে বিশ্ব মানব জাতির অপূরনীয় ক্ষতি হয়েছে। তার সঙ্গে সামাজিক, আর্থিক এবং অন্যান্য আরও অনেক ক্ষতি হয়েছে। কিন্তু সব থেকে বেশি ক্ষতি হয়েছে আমাদের শিক্ষা ক্ষেত্রে। এই ক্ষতিকে আমরা পূর্ণ করতে পারবো কি না তা জানি না। কিন্তু আমরা যদি সবাই মিলে চেষ্টা করি, তবে এই ক্ষতিকে কিছুটা কম করতে পারি। এই উদ্দেশ্যে SCERT পাটনার দ্বারা একটি চেষ্টা করা হয়েছে। যার নাম দেওয়া হয়েছে – “শিক্ষা বর্ষ 2021-22 এর জন্য তিন মাসের সেতু সামগ্রী (CATCH-UP COURSE)”, এর সফলতার জন্য আপনাদের সহযোগিতার একান্ত প্রয়োজন।

এই সেতু সামগ্রী (CATCH-UP COURSE) এর কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের জানা দরকার। যার ফলে আমরা নিজেদের কাজ এবং দায়িত্বকে সঠিকভাবে নির্বাহন করতে পারবো।

#### গুরুত্বপূর্ণ বিষয়

- গত বছরের সম্পূর্ণ পাঠ্যক্রমকে সংক্ষেপে তিন মাসের (60 কার্য দিবস ) মধ্যে পূর্ণ করার জন্য সেতু সামগ্রী (CATCH-UP COURSE) বিকশিত করা হয়েছে।
- শিখন ফলশ্রুতি (Learning Outcomes) কে আধার মেনে অধ্যায়/পাঠের চয়ন করা হয়েছে।
- পাঠ্যপুস্তকের মূল শৈলী, কৌশল ও উৎকর্ষতাকে বজায় রেখে পাঠের সংখ্যা কম করা হয়েছে।
- এই সেতু সামগ্রীর (CATCH-UP COURSE) সাহায্যে এবং এর নির্দেশ অনুযায়ী শিক্ষার্থীদের শিখন ক্ষতি (Learning Loss) কে পূর্ণ করার চেষ্টা করবেন।
- শিখন ফলশ্রুতিকে গ্রহণ করার জন্য পাঠের চয়ন এবং পাঠের প্রস্তুতির জন্য শিখন সূচক (Learning Indicators) দেওয়া হয়েছে, তার সঙ্গে পরামর্শমূলক প্রক্রিয়াকে ব্যবহার করার নির্দেশও দেওয়া হয়েছে।
- শিখন সূচক এবং পরামর্শমূলক প্রক্রিয়ার দ্বারা শিক্ষার্থীরা কতটা লাভবান হচ্ছে, তা শিখন ফলশ্রুতির মধ্যে দিয়ে জানা যাবে।
- শিক্ষক শিক্ষার্থীর জন্য অনুকূল পরিবেশ তৈরী করবেন।
- উল্লিখিত গতিবিধি পরামর্শমূলক। সংসাধনের উপলব্ধতা এবং শিক্ষার্থীর পূর্ব জ্ঞানের আধারে এতে সংশোধন করা যেতে পারে।
- যুক্তিপূর্ণ ও সঠিক প্রশ্ন জিজ্ঞাসা করা এবং শিক্ষার্থীকে ভাববার জন্য উৎসাহিত করা, এই উদ্দেশ্যকে প্রাপ্ত করতে সহায়ক হবে।
- ই – পাঠশালা এবং ভারত সরকারের দীক্ষা পোর্টাল, শিক্ষা – হাউস, দূরদর্শন, উন্নয়ন, বিহার কেরিয়ার পোর্টাল, বিদ্যাবাহিনী, ইউটিউব, সাকসেস সিডি এডুকেশন – এ উপলব্ধ ই – সামগ্রীর উপযোগ করা যেতে পারে।

**বিষয়- বাংলা (Bangla)**  
**শ্রেণি অনুযায়ী শিখন কৌশল (ফলশ্রুতি)**  
**শ্রেণি—X**

- সাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে সাবলীলতা অর্জন।
- ভাষার সৌন্দর্যবোধের চেতনা।
- বাংলার ভাষা - সাহিত্য - সংস্কৃতির মূল প্রকৃতির পরিচয় লাভ এবং সেটি সংরক্ষণের জন্য উদ্বুদ্ধ হওয়া।
- লেখক / কবিদের মনোভাবকে বুঝে তার অর্থ গ্রহণ, রসাস্বাদন, বিশ্লেষণ , আলোচনা এবং প্রতিক্রিয়া ব্যক্ত করার দক্ষতা।
- বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি, রচনা, পত্র লিখন, বোধ পরীক্ষণ , বাংলা থেকে হিন্দিতে অনুবাদ প্রভৃতি দক্ষতা অর্জন।
- কবিতার সফল ও সার্থক পাঠে দক্ষতা অর্জন।
- বিভিন্ন সামাজিক পরিবেশের উপযোগী ভাষা ব্যবহার করতে শেখা।
- স্বাধীনভাবে পাঠের অভ্যাস ও স্বাধীনভাবে চিন্তা করার, বলার ও লেখার সামর্থ্য গড়ে উঠবে।
- কঠিন শব্দের অর্থ জানা , শব্দের সঠিক প্রয়োগ, ভাষার উপর দক্ষতা , ভাষার বিভিন্ন কৌশল ও শৈলী , বিশ্লেষণ ক্ষমতা, প্রবাদ-প্রবচনকে বোঝা ও তার প্রয়োগ।
- প্রকৃতিপ্রেম, পরিবেশ সচেতনতা, বাংলা সাহিত্যে বিহারের অবদান, স্ত্রীশিক্ষা , সরকারি কার্যপ্রণালী প্রভৃতিকে জানা।
- চারিত্রিক দৃঢ়তা, নির্ভীকতা, সহযোগিতা, দৃঢ় ইচ্ছাশক্তি, কঠিন পরিশ্রম, বিবেক-বুদ্ধির সঠিক ব্যবহার, সময়ের গুরুত্ব প্রভৃতি সম্বন্ধে সচেতনতা।
- যুক্তিপূর্ণ প্রশ্ন জিজ্ঞাসা করার দক্ষতা।
- সৃজনাত্মক প্রতিভার বিকাশ।
- শব্দকোষ (অভিধান) , মানচিত্র , ইন্টারনেট প্রভৃতি মাধ্যমগুলির সঙ্গে পরিচয়।

क्षैक्षणिक सत्र 2021-2022 के लिये तीन महिनों की सेतु सामग्री (CATCH - UP COURSE)  
(कक्षा- 9 के बच्चों जो सत्र 2021-22 में कक्षा- 10 में पढ़ रहे हैं, उसके लिये 60 कार्य दिवसों की पाठ्य सामग्री)

শিক্ষা বর্ষ 2021-22 এর জন্য তিন মাসের সেতু সামগ্রী (CATCH - UP COURSE)

শ্রেণি IX (2020-2021) এর শিক্ষার্থী যারা বর্তমান শিক্ষা বর্ষ 2021-22 শ্রেণি X এ পড়ছে, তাদের জন্য 60 কার্য দিবসের পাঠ্য সামগ্রী

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>বিহারের গ্রামীণ জীবনের সুখ-দুঃখ ভরা জীবন বৈচিত্র্যের সরস ও সজীব চিত্র সম্পর্কে অবগত হতে পারে।</li> <li>বাংলা সাহিত্যে বিহারের যোগদানের বিষয়ে জানতে পারবে।</li> <li>পাঠটির আধারে আলোচনা এবং প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।</li> <li>পাঠটি সম্পর্কে দক্ষতা অর্জন করবে।</li> <li>বাংলা থেকে হিন্দিতে অনুবাদ করতে শিখবে।</li> <li>শিক্ষার্থীরা নীরব পাঠ করতে পারবে এবং নিহিত অর্থ সম্পর্কে জানবে।</li> <li>আবেদন পত্র লিখতে পারবে।</li> </ul>	<p>পাঠ- 1 গদ্য - কুশী প্রাঙ্গণের চিঠি লেখক- বিভূতিভূষণ মুখোপাধ্যায় পৃষ্ঠা সংখ্যা- 3 - 9</p>	<ul style="list-style-type: none"> <li>পাঠটিকে সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li> <li>বাংলা সাহিত্যে বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের অবদান সম্বন্ধে আলোচনা করবেন।</li> <li>পাঠের আধারে প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং জিজ্ঞাসা করা প্রশ্নের উত্তর দেবেন।</li> <li>পাঠে দেওয়া বস্তুনিষ্ঠ প্রশ্ন ছাড়াও যথাসম্ভব নতুন বস্তুনিষ্ঠ প্রশ্নোত্তর তৈরি করবেন।</li> <li>পাঠে ব্যবহৃত হিন্দি শব্দের অর্থ বুঝিয়ে দেবেন।</li> <li>পাঠের শেষে দেওয়া ব্যাকরণ ও নিমিত্তির অভ্যাস করবেন।</li> <li>আবেদন পত্র লেখার অভ্যাস করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>বিহারের বাংলা সাহিত্যের বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>বিহারের বিভিন্ন নদীর উপরে আলোচনা করা যেতে পারে।</li> <li>প্রকৃতির বিভিন্ন বিধ্বংসকারি ঘটনাগুলির বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>বন্যাভ্রানে সাহায্য বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>বাংলা থেকে হিন্দিতে অনুবাদ করার অভ্যাস করানো যেতে পারে।</li> <li>বন্যার উপর প্রবন্ধ বা রচনা লেখার অভ্যাস করানো যেতে পারে।</li> <li>সপ্তাহের শেষ দিনে একটি ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে।</li> </ul>	1 – 5 দিন

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>দৃঢ় ইচ্ছাশক্তি ও কঠিন পরিশ্রমে অসম্ভব কাজকে কিভাবে সম্ভব করা যায়- সে সম্বন্ধে জানবে।</li> <li>মৌর্য সাম্রাজ্যের স্থাপক চন্দ্রগুপ্ত ও অর্থশাস্ত্রের বিখ্যাত বিদ্বান চাণক্যের বিষয়ে জ্ঞান অর্জন করবে।</li> <li>মাতৃভক্তি ও গুরুভক্তি সফলতার মূলমন্ত্র, সে সম্বন্ধে জানবে।</li> <li>কঠিন শব্দের অর্থ বুঝতে পারবে।</li> <li>নাটক কাকে বলে, সে সম্পর্কে অবগত হবে।</li> <li>শিক্ষার্থীরা প্রশ্ন করতে এবং প্রশ্নের উত্তর দিতে পারবে।</li> </ul>	<p>পাঠ- 2 গদ্য- চন্দ্রগুপ্ত লেখক- দ্বিজেন্দ্রলাল রায় পৃষ্ঠা সংখ্যা- 10-18</p>	<ul style="list-style-type: none"> <li>পাঠটিকে সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li> <li>নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের পরিচয় দেবেন।</li> <li>নাটক কাকে বলে ও নাটক কিভাবে গড়ে ওঠে, সে সম্বন্ধে আলোচনা করবেন।</li> <li>পাঠের চরিত্রগুলির আলোচনা করবেন।</li> <li>পাঠের আধারে বস্তুনিষ্ঠ প্রশ্ন করবেন এবং শিক্ষার্থীরা প্রশ্নের উত্তর দেবেন।</li> <li>পাঠের শেষে দেওয়া ব্যাকরণের অভ্যাস করবেন।</li> <li>পাঠে ব্যবহৃত কঠিন শব্দের অর্থ বোঝাবার জন্য শব্দকোষের ব্যবহার করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>নাটককে শিক্ষার্থীদের ব্যক্তিগত জীবন দিয়ে উপলব্ধি করে দেখানো/বোঝানো যেতে পারে।</li> <li>সৃজনাত্মক প্রতিভা বিকাশের জন্য নাটকের অভিনয় করানো যেতে পারে।</li> <li>চন্দ্রগুপ্ত ও চাণক্যের চরিত্রের তুলনামূলক আলোচনা করা যেতে পারে।</li> <li>নাট্যকার হিসেবে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান সম্বন্ধে আলোচনা করা যেতে পারে।</li> <li>বোধ পরীক্ষণের অভ্যাস করানো যেতে পারে।</li> <li>যুদ্ধের লাভ-ক্ষতির উপর বিতর্ক সভার আয়োজন করা যেতে পারে।</li> </ul>	<p>6 - 10 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"><li>শিক্ষার্থীদের মধ্যে নির্ভীকতা এবং সহযোগিতার ভাব গড়ে উঠবে।</li><li>অন্ধবিশ্বাস ও কুসংস্কারের বিরুদ্ধে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বোধ গড়ে উঠবে।</li><li>বিপদের সময় বিবেক ও বুদ্ধির ব্যবহার করতে শিখবে।</li><li>গল্পটির অর্থ, ব্যাকরণগত প্রশ্নের মূলভাব জানবে ও প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।</li><li>শিক্ষার্থীরা নীরব পাঠ করতে পারবে এবং নিহিত অর্থ সম্পর্কে জানবে।</li><li>আত্মীয়, বন্ধু-বান্ধবকে চিঠি লিখতে শিখবে।</li></ul>	পাঠ- 3 গদ্য - লালু লেখক- শরৎচন্দ্র চট্টোপাধ্যায় পৃষ্ঠা সংখ্যা- 19- 25	<ul style="list-style-type: none"><li>লেখকের পরিচিতি দেবেন।</li><li>সম্পূর্ণ গল্পটি সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li><li>গল্পের মুখ্য চরিত্রটির বিশ্লেষণ করবেন।</li><li>কোন রচনার নামকরণ কিভাবে করা হয়,- সে বিষয়ে আলোচনা করবেন।</li><li>পাঠে দেওয়া বস্তুনিষ্ঠ প্রশ্ন ছাড়াও আরো নতুন বস্তুনিষ্ঠ প্রশ্ন তৈরি করবেন।</li><li>আত্মীয়, বন্ধু-বান্ধবের কাছে চিঠি লেখার অভ্যাস করবেন।</li><li>পাঠের শেষে দেওয়া ব্যাকরণ ও নির্মিতির অভ্যাস করবেন।</li></ul>	<ul style="list-style-type: none"><li>কলেরা রোগ নিবারণের উপায় বিষয়ক আলোচনা করা যেতে পারে।</li><li>অন্ধবিশ্বাস ও কুসংস্কার আমাদের সমাজকে কি ভাবে গ্রাস করেছে,- সে সম্বন্ধে আলোচনা করা যেতে পারে।</li><li>শিক্ষার্থীদের সরব পাঠের সুযোগ দেওয়া যেতে পারে।</li><li>গল্পের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে সমাজ-সংস্কার মূলক কাজ করার উৎসাহ জাগানো যেতে পারে।</li><li>সপ্তাহের শেষে দিন একটি ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে।</li><li>“ স্বচ্ছতা অভিযান ” এর উপরে একটি নিবন্ধ লেখানো যেতে পারে।</li></ul>	11 – 15 দিন

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>আর্থ- সামাজিক প্রেক্ষাপটে স্ত্রীশিক্ষার গুরুত্ব বিষয়ে জ্ঞান বোধ হবে।</li> <li>শিক্ষা মনুষ্য জীবনের অমূল্যধন, এই সম্পর্কে বোধ জন্মাবে।</li> <li>পাঠটির আধারে আলোচনা এবং প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।</li> <li>বোধ পরীক্ষণের নিয়ম সম্পর্কে জানবে।</li> <li>শিক্ষার্থীরা নীরব পাঠ করতে পারবে এবং পাঠের নিহিত অর্থ সম্পর্কে জানবে।</li> <li>বৌদ্ধিক শক্তির বিকাশ হবে।</li> </ul>	<p>পাঠ- 4 গদ্য- স্ত্রীশিক্ষা বিস্তারে ভাগিনী নিবেদিতা লেখক- প্রব্রাজিকা মুক্তিপ্রাণা পৃষ্ঠা সংখ্যা- 42- 51</p>	<ul style="list-style-type: none"> <li>পাঠটিকে সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li> <li>স্ত্রীশিক্ষা বিস্তারে ভাগিনী নিবেদিতার বিষয়ে আলোচনা করবেন।</li> <li>আদর্শ শিক্ষা কাকে বলে ও শিক্ষার প্রণালী সম্পর্কে সংক্ষেপে আলোচনা করবেন।</li> <li>পাঠটির আধারে বস্তুনিষ্ঠ, একটি বাক্যে উত্তর, সংক্ষিপ্ত এবং দীর্ঘ উত্তরীয় প্রশ্নোত্তরের গুরুত্ব দিতে হবে।</li> <li>বোধ পরীক্ষণের অভ্যাস করাবেন।</li> <li>পাঠে ব্যবহৃত কঠিন শব্দের অর্থ বোঝাবার জন্য শব্দকোষের ব্যবহার করবেন।</li> <li>পাঠের শেষে দেওয়া ব্যাকরণ ও নির্মিতির অভ্যাস করাবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>স্ত্রীশিক্ষার প্রয়োজন বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>জাতি, ধর্ম, ও বর্ণ নির্বিশেষে সকলের জন্য শিক্ষা,- এই বোধ জাগানো যেতে পারে।</li> <li>নারীজাতির উন্নতির উপায় সম্পর্কে স্বামী বিবেকানন্দের মত সম্বন্ধে আলোচনা করা যেতে পারে।</li> <li>বাল্য বিবাহের উপরে নিবন্ধ লেখানো যেতে পারে।</li> <li>নারী শিক্ষা এবং সর্ব শিক্ষা অভিযান বিষয়ক বিতর্ক সভার আয়োজন করা যেতে পারে।</li> </ul>	<p>16 - 20 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>● নিয়ম শৃঙ্খলার পেছনে যখন সদিচ্ছার অভাব হয় তখন সেই নিয়ম, সমাজের মঙ্গল সাধন না করে ক্ষতি করে- এই সম্পর্কে জ্ঞান বোধ হবে।</li> <li>● সময়ের গুরুত্ব সম্বন্ধে বুঝবে।</li> <li>● মানুষের জীবনের মূল্য গাছের থেকে বেশি, এই বিষয়ে জ্ঞান বোধ হবে।</li> <li>● পাঠটির আধারে আলোচনা এবং প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।</li> <li>● পাঠটির দক্ষতা অর্জন করবে।</li> <li>● শিক্ষার্থীরা নীরব পাঠ করতে পারবে এবং নিহিত অর্থ সম্পর্কে জানবে।</li> </ul>	<p>পাঠ- 5 গদ্য- জম্বুবৃক্ষ লেখক- কৃষ্ণ চন্দর পৃষ্ঠা সংখ্যা- 67- 77</p>	<ul style="list-style-type: none"> <li>● সম্পূর্ণ গল্পটিকে সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li> <li>● পাঠের আধারে প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং জিজ্ঞাসা করা প্রশ্নের উত্তর দেবেন।</li> <li>● কাহিনীর পরিণতি সম্বন্ধে নিজের বক্তব্য রাখবেন।</li> <li>● বাংলা ভাষায় দেশি ও বিদেশি শব্দের ব্যবহারের সম্বন্ধে আলোচনা করবেন।</li> <li>● বোধ পরীক্ষণের অভ্যাস করবেন।</li> <li>● শব্দকোষের ব্যবহার করবেন।</li> <li>● বাংলার থেকে হিন্দিতে অনুবাদ করার অভ্যাস করবেন।</li> <li>● পাঠের শেষে দেওয়া ব্যাকরণের অভ্যাস করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>● মানবীয় সংবেদনার অভাব হলে মানুষ অন্তঃসারহীন নিয়মতান্ত্রিকতাকে কিভাবে প্রাধান্য দেয়- এই গল্পের আলোকে আলোচনা করা যেতে পারে।</li> <li>● অন্ধ নিয়ম সর্বস্বতার বাঁধনে বাঁধা না থেকে সর্বাত্মক মানুষের মঙ্গল করাই অনেক বেশী কাম্য- এ বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>● হৃদয়হীন আমলাতন্ত্রের অন্য কোন ঘটনার কথা বলা যেতে পারে।</li> <li>● দেশের প্রশাসনিক কার্য পদ্ধতির সমালোচনা করা যেতে পারে।</li> <li>● সরব পাঠ করার অবসর দেওয়া যেতে পারে।</li> <li>● বৃক্ষারোপণ এবং বন সংরক্ষণ সম্পর্কে বিতর্ক সভার আয়োজন করা যেতে</li> </ul>	<p>21 - 25 দিন</p>

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>আর্সেনিকের কুপ্রভাব সম্পর্কে অবগত হবে।</li> <li>বিভিন্ন পদার্থে আর্সেনিকের পরিমাণ সম্বন্ধে জ্ঞান বোধ হবে।</li> <li>আর্সেনিকের বিষক্রিয়াকে কম করার উপায় সম্বন্ধে জানতে পারবে।</li> <li>পাঠটি সম্বন্ধে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।</li> <li>শুদ্ধ সহজ ভাষায় নিজের ভাব প্রকাশ করে এবং অন্যের প্রকাশিত ভাবকে সঠিকভাবে বুঝে নিয়ে তা মৌখিক ও লিখিত ভাবে নিজের ভাষায় প্রকাশ করার দক্ষতা অর্জন করবে।</li> </ul>	<p>পাঠ- 6 গদ্য- যুগে যুগে আর্সেনিকের বিষক্রিয়া লেখক- পূর্ণেন্দুকান্তি দাস পৃষ্ঠা সংখ্যা- 88- 94</p>	<ul style="list-style-type: none"> <li>পাঠটিকে সরল ভাবে বুঝিয়ে দেবেন।</li> <li>আর্সেনিক কি ? এর কুপ্রভাবে মানবজীবনকে কতটা ব্যতিব্যস্ত করে তোলে, তার উপলব্ধি শিক্ষার্থীদের করাবেন।</li> <li>বিভিন্ন পদার্থে আর্সেনিকের পরিমাণ সম্বন্ধে আলোচনা করবেন।</li> <li>ক্ষতিকারক রাসায়নিক পদার্থের তালিকা তৈরি করবেন।</li> <li>পারিভাষিক শব্দের অর্থ জানার জন্য অভিধানের ব্যবহার করবেন।</li> <li>প্রশ্নের উত্তর সমাধানে উৎসাহ প্রদান করবেন।</li> <li>পাঠের শেষে দেওয়া ব্যাকরণ ও নির্মিতির অভ্যাস করাবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>শিক্ষার্থীদেরও সরব পাঠ করার অবসর দিতে হবে।</li> <li>বিভিন্ন পদার্থে আর্সেনিকের পরিমাণ সম্বন্ধে জ্ঞান বোধ হবে।</li> <li>আর্সেনিকের ব্যবহারে কোন কোন রোগের সৃষ্টি হতে পারে, তার একটি তালিকা তৈরি করানো যেতে পারে।</li> <li>বিজ্ঞানের অবদান ও অভিশাপের বিষয়ে আলোচনা করা যেতে পারে।</li> <li>পাঠ্য বিষয়কে কেন্দ্র করে মৌখিক প্রশ্নোত্তর করতে পারেন।</li> <li>বিভিন্ন হিন্দি শব্দের বাংলায় অনুবাদ করাবেন।</li> <li>আর্সেনিকের কুপ্রভাবে মানবজীবনে কতটা প্রভাব ফেলে তার একটি তথ্যচিত্র (Video/Image) দেখানো যেতে পারে।</li> </ul>	<p>26 - 30 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>কবিতাটির অর্থ, ব্যাকরণগত প্রশ্ন জানবে এবং প্রতিক্রিয়া ব্যক্ত করবে।</li> <li>মঙ্গলকাব্য সম্বন্ধে জানতে পারবে।</li> <li>বাংলার লোকসাহিত্য, লোকসংস্কৃতি ও ঐতিহ্য সম্বন্ধে সচেতন হবে।</li> <li>মধ্যযুগের সাহিত্য ও সমাজ যে দেবনির্ভর ছিল, সে সম্বন্ধে অবগত হবে।</li> <li>বিভিন্ন সামাজিক পরিবেশের উপযোগী ভাষা ব্যবহার করতে শিখবে।</li> <li>পাঠটি সম্বন্ধে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।</li> </ul>	<p>পাঠ- 7</p> <p>পদ্য- অন্নপূর্ণাও ঈশ্বরী পাটনী</p> <p>কবি— ভারতচন্দ্র রায় গুণাকর</p> <p>পৃষ্ঠা সংখ্যা— 97- 102</p>	<ul style="list-style-type: none"> <li>অষ্টাদশ শতাব্দীর সাহিত্য সম্বন্ধে ধারণা দেবেন।</li> <li>কবির সম্বন্ধে বলবেন।</li> <li>সরব পাঠের মধ্যে পাঠটি সম্বন্ধে অবগত করাবেন।</li> <li>দ্ব্যর্থবোধক ভাষার অর্থ সম্বন্ধে জানাবেন।</li> <li>ব্যাকরণ ও নির্মিত বিষয়ক প্রশ্ন পাঠটি থেকে দেবেন।</li> <li>স্বর্গের দেবী অন্নপূর্ণাকে মর্ত্যের মানবীরূপে চিত্রিত করে এক অভিনব আদর্শের সৃষ্টি করেছেন কবি, সে বিষয়ে অবগত করাবেন।</li> <li>কঠিন শব্দের অর্থ জানার জন্য শব্দকোষের ব্যবহার।</li> <li>পাঠ সম্পর্কিত বিভিন্ন ধরনের প্রশ্ন জিজ্ঞাসা করা ও শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর দেওয়া</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>মধ্যযুগের সমাজ ও অতি সাধারণ, সহজ সরল ঈশ্বরী পাটনী মাঝির জীবন সম্পর্কে শিক্ষার্থীদের ভাববার অবসর প্রদান করা।</li> <li>মধ্যযুগের সাহিত্যের উপর শিক্ষার্থীদের আকর্ষণ বৃদ্ধির জন্য বিভিন্ন শ্রেণির মঙ্গলকাব্য ও কবিদের একটি তালিকা তৈরি করা যেতে পারে।</li> <li>পাঠের বিশেষ কিছু অংশ তুলে ধরে তার ব্যাখ্যা বা ভাবার্থ লিখতে বলা যেতে পারে। যেমন-“আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।”</li> <li>পাঠের বিষয় অবলম্বনে বিভিন্ন বস্তুনিষ্ঠ প্রশ্ন সংক্ষিপ্ত প্রশ্ন, একটি বাক্যে উত্তর দেওয়ার মতো প্রশ্নের উপর গুরুত্ব দেওয়া যেতে পারে।</li> </ul>	<p>31 - 34 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>• কবিতাটির অন্তর্নিহিত অর্থ বুঝতে ও বোঝাতে পারবে।</li> <li>• কর্মযোগের সঙ্গে পরিচিত হবে।</li> <li>• কর্ম ও সেবার মধ্যেই মুক্তি ও আত্মতৃপ্তি, সে সম্বন্ধে জানবে।</li> <li>• ঈশ্বরের পূজা, সেবা ও কর্মের মধ্যে— সেই বোধ হবে।</li> <li>• ভাষার কৌশলকে বোঝার ক্ষমতা হবে।</li> <li>• কল্পনাশক্তির বিস্তার হবে এবং নিজের মনের ভাবকে নিজের মতো করে লিখতে পারবে।</li> <li>• নিজের মনের কথাকে অভিব্যক্ত করার বিভিন্ন শৈলিকে বুঝতে শেখে ও নিজে বিভিন্ন শৈলিতে লেখার জন্য তৈরি হবে।</li> <li>• আবেদন পত্র বা চিঠি লিখতে জানবে।</li> </ul>	<p>পাঠ—৪ পদ্য- ধুলামন্দির কবি—রবীন্দ্রনাথ ঠাকুর পৃষ্ঠা সংখ্যা—106-108</p>	<ul style="list-style-type: none"> <li>• ছন্দ ও লয় সহযোগে কবিতাটি পড়ে তার সারমর্ম বোঝাবেন।</li> <li>• ভাবগম্বীর বিষয়বস্তুকে সরস করে পরিবেশন করার জন্য শিক্ষকের সূক্ষ্ম রসবোধ বাঞ্ছনীয়।</li> <li>• কর্মযোগ সম্বন্ধে আলোচনা করবেন।</li> <li>• এমন করে কবিতা পড়বেন, যাতে কোন একটি কবিতা নয়, কবিতা ব্যাপারটি কি, সে সম্বন্ধে শিক্ষার্থী বুঝতে পারবে।</li> <li>• প্রশ্নের উত্তর সমাধানে উৎসাহ প্রদান করবেন।</li> <li>• ব্যাকরণ সম্বন্ধীয় একক যেমন সমাস, সন্ধি, কারক ও বিভক্তি প্রভৃতিকে চেনা ও প্রয়োগ করা।</li> <li>• আবেদন পত্র বা চিঠি লেখার অভ্যাস করাবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• সমজাতীয় আরো অন্যান্য পাঠ পড়তে আগ্রহী করতে হবে।</li> <li>• পাঠটির সারাংশ বা অন্তর্নিহিত তাৎপর্য শিক্ষার্থীদের নিজের মতো করে বলার সুযোগ দিতে হবে।</li> <li>• পাঠের সঙ্গে সম্পর্ক রেখে বিবেকানন্দের “ কর্মযোগ” প্রবন্ধটি শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করা যেতে পারে।</li> <li>• ‘ কর্মেই ঈশ্বর প্রাপ্তি, কর্মেই মুক্তি’—এ বিষয়ে একটি আলোচনা সভার আয়োজন করা যেতে পারে।</li> </ul>	<p>35 - 38 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>কবিতাটির অর্থ, সারমর্ম, ব্যাকরণগত প্রশ্ন জানবে ও সে সম্পর্কে প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারবে।</li> <li>যুক্তিসঙ্গত ভাবে নিজের বক্তব্য রাখার দক্ষতা অর্জন করবে।</li> <li>উপযুক্ত ছন্দ, লয়, যতির সাহায্যে সরব পাঠ করতে পারবে।</li> <li>সমজাতীয় আরো অন্যান্য আখ্যানের মর্মার্থ উপলব্ধি করতে পারবে।</li> <li>মনের শান্তির খোঁজে মানুষ ঘর ছেড়ে বাইরে পা রাখে। কিন্তু শান্তির সন্ধান কোথাও পায় না। মায়ের কোলে ফিরে এসেই যে শান্তি পাওয়া যায়- এই বোধ সম্বন্ধে জ্ঞান বাড়ে।</li> <li>বাংলার থেকে হিন্দিতে অনুবাদ করতে শিখবে।</li> </ul>	<p>পাঠ- 9 পদ্য- মা কবি - দেবেন্দ্রনাথ সেন পৃষ্ঠা সংখ্যা- 109- 111</p>	<ul style="list-style-type: none"> <li>নিজের বাচনভঙ্গি ও বুদ্ধিমত্তার দ্বারা সুকৌশলে শিক্ষার্থীর মধ্যে বিষয়ের প্রতি আগ্রহ সৃষ্টি করতে হবে।</li> <li>কবিতাটির সরব পাঠ করবে, শিক্ষার্থীদের দিয়ে করাবেন এবং সে সময় বস্তুনিষ্ঠ প্রশ্নের আলোচনা করবেন।</li> <li>এক চিরকালীন সত্যকে লেখক কয়েকটি লাইনে কি সুন্দর ভাবে অভিব্যক্ত করেছেন- সেভাবে বুঝিয়ে পড়ানো।</li> <li>পাঠটির ব্যাকরণ ও নির্মিতি বিষয়ক প্রশ্ন আলোচনা করবেন।</li> <li>বাংলার থেকে হিন্দিতে অনুবাদ করার অভ্যাস করাবেন।</li> <li>পাঠ সম্পর্কিত বিভিন্ন তীর্থস্থান, দেবদেবী, প্রাচীন সাহিত্য যেমন-গীতগোবিন্দ সম্বন্ধে সংক্ষিপ্ত ধারণা প্রদান করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>পাঠটির আধারে বস্তুনিষ্ঠ, একটি বাক্যে উত্তর, সংক্ষিপ্ত এবং দীর্ঘ উত্তরীয় প্রশ্নের উপর গুরুত্ব দিতে হবে।</li> <li>সুর, লয়, তালের সঙ্গে কবিতাটি আবৃত্তি করার অভ্যাস করানো যেতে পারে।</li> <li>সমগোত্রীয় অন্যান্য কবিতা, গল্প, প্রবন্ধ প্রভৃতি পড়ার জন্য উৎসাহিত করা যেতে পারে।</li> <li>প্রয়োজন হলে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে।</li> <li>“মাতৃভূমির গুরুত্ব” বিষয়ক একটি প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।</li> </ul>	<p>39 - 42 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>বাংলা ভাষার প্রতি নিবিড় প্রেম উপলব্ধি করতে পারবে।</li> <li>বাংলা ভাষার গুরুত্ব সম্পর্কে অবগত হবে।</li> <li>কবিতাটির মর্মার্থ বুঝতে ও বোঝাতে পারার দক্ষতা অর্জন করবে।</li> <li>ব্যাকরণ ও নির্মিতির উপর দক্ষতা বাড়বে।</li> <li>কবিতাটির অন্তর্নিহিত ভাব জেনে নিজের মতামত ব্যক্ত করতে পারবে।</li> <li>কবিতার বিভিন্ন শৈলী সম্বন্ধে জ্ঞান বাড়বে।</li> <li>সাবলীল ভাব প্রকাশের সর্বশ্রেষ্ঠ মাধ্যম মাতৃভাষা এই সম্পর্কে অবগত হবে।</li> <li>ওপার বাংলার কবি সাহিত্যিকদের সম্পর্কে জানার আগ্রহ দেখা দেবে।</li> </ul>	<p>পাঠ- 10 পদ্য- বাংলা ভাষা উচ্চারিত হলে কবি - শামসুর রহমান পৃষ্ঠা সংখ্যা- 112-114</p>	<ul style="list-style-type: none"> <li>চিন্তা-ভাবনা ও বুদ্ধিবৃত্তির সর্বাঙ্গীণ বিকাশের শ্রেষ্ঠ মাধ্যম মাতৃভাষা। তাই শিক্ষক মাতৃভাষার গুরুত্ব উপলব্ধি করাবেন।</li> <li>ভাষার কৌশলকে বোঝানো ও সে ভাবে পড়ানো</li> <li>ওপার বাংলার কবি সাহিত্যিকদের সম্বন্ধে পরিচয় করাবেন।</li> <li>মাতৃভাষা কিভাবে দেশ মায়ের সঙ্গে একাত্ম হতে পারে সে সম্বন্ধে পাঠটি অবলম্বনে আলোচনা করবেন।</li> <li>বাংলা ভাষার মধুরতা কিভাবে কবিতাটির প্রতিটি ছন্দে লুকিয়ে আছে কবিতাটি আলোচনার সময় সে বিষয়ে আলোকপাত করবেন।</li> <li>পাঠের সরল থেকে জটিল প্রশ্নের সমাধান খুঁজে বের করবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>আমাদের জ্ঞান ভান্ডারকে সমৃদ্ধ করতে মাতৃভাষার সঙ্গে অন্যান্য ভাষার অনুশীলনও আবশ্যিক। তাই বিভিন্ন ভাষার শ্রেষ্ঠ সাহিত্য কীর্তি পড়ার জন্য অনুপ্রাণিত করা যেতে পারে।</li> <li>আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে প্রভাতফেরি, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।</li> <li>পাঠ সংক্রান্ত অন্যান্য বিষয় সম্পর্কে আলোচনা করা হবে তাতে শিক্ষার্থীরা উৎসাহিত হবে।</li> <li>পাঠটির শেষে একটি ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে।</li> <li>“বাংলা ভাষার গুরুত্ব” বিষয়ক একটি প্রবন্ধ লিখনের প্রতিযোগিতা মূলক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে।</li> </ul>	<p>43 - 46 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"><li>হেরে যাওয়া জীবন নয়, ভাঙা-গড়ার মধ্য দিয়ে জীবন এগিয়ে চলে- এই বধ গড়ে উঠবে।</li><li>তুলনামূলক আলোচনা কি ও কিভাবে করা যায় সে সম্বন্ধে জানবে।</li><li>প্রতিদিনকার ঘটনা দেখে নিজের অভিব্যক্তি ব্যক্ত করার ক্ষমতা বাড়বে।</li><li>পাঠটি থেকে অর্জিত বিষয়বস্তু নিজের বর্তমান পরিবেশ পরিস্থিতির সঙ্গে মিশিয়ে রচনাত্মক ও তর্কিক অভিব্যক্তি লিখিত ও মৌখিক ভাবে ব্যক্ত করতে পারবে।</li><li>মানব জীবনে যে বিভিন্ন অনুভূতিতে ভরা, নিজের জীবন দিয়ে সে সম্বন্ধে উপলব্ধি করতে পারবে।</li></ul>	পাঠ - 11 পদ্য - নতুন দিগন্ত কবি- মন্দাক্রান্তা সেন পৃষ্ঠ সংখ্যা- 126-128	<ul style="list-style-type: none"><li>মানব জীবনের সুখ-দুঃখ, আশা-নিরাশা, হাসি-কান্না, হিংসা-বন্ধুত্ব প্রভৃতি কথা কবি যে কত সহজ ভাবে কবিতার আকারে বলেছেন সেই ভাবে মনে রেখে কবিতাটি পড়বেন।</li><li>প্রাত্যহিক জীবনের সঙ্গে যুক্ত করে সহজ সরলভাবে কবিতাটি-বোঝাবেন।</li><li>কবি ও কাব্য পরিচয় দেবেন।</li><li>ব্যাকরণ ও নির্মিতির প্রশ্নের অভ্যাস করবেন ও পাঠ্যের প্রশ্ন খুঁজতে শিক্ষার্থীদের উৎসাহিত করবেন।</li><li>মহিলা সাহিত্যিকদের সম্বন্ধে আলোচনা করবেন।</li></ul>	<ul style="list-style-type: none"><li>নিজের নিজের জীবনের অভিজ্ঞতা ব্যক্ত করে লেখা ও বলার অবসর দিতে হবে।</li><li>কবিতাটি আবৃত্তি করানো ও একটি প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে।</li><li>পাঠের বিশেষ বিশেষ কিছু অংশ তুলে ধরে তার ব্যাখ্যা বা ভাবার্থ লিখতে বলা যেতে পারে। যেমন “ ভাঙতে তা একপল, গড়তে সময় চাই / সেই আশা বুকে নিয়ে লড়ে যাই সর্ব্বাই। ”</li><li>পাঠটি বোঝার সময় শব্দকোষ, মানচিত্র, ইন্টারনেট, ভিডিও বা অন্যান্য সহায়ক পুস্তকের সাহায্য নেবেন।</li><li>বাংলা সাহিত্যে মহিলা সাহিত্যিকদের সম্বন্ধে একটি তালিকা প্রস্তুত করা যেতে পারে।</li></ul>	47-50 দিন

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

শিখন ফলশ্রুতি Learning Outcomes	অধ্যায়/পাঠ Learning	শিখন সূচক Learning Indicators	পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process	সময় নির্ধারণ Duration(In Days)
<ul style="list-style-type: none"> <li>ব্রাহ্মণত্ব যে শুধুমাত্র বংশগত ও জন্মগত সূত্রে লভ্য নয়, সে সম্পর্কে বোধ জন্মাবে।</li> <li>সত্যপ্রিয়তা এবং সত্যভাষণ ব্রাহ্মণের শ্রেষ্ঠ ধর্ম ও কর্ম, সে সম্পর্কে অবগত হবে।</li> <li>যেকোনো পরিস্থিতিতেই সদা সত্য কথা বলা উচিত সে সম্পর্কে বোধ জাগবে।</li> <li>ব্রাহ্মণত্ব অর্জনের একমাত্র উপায় উত্তম কর্ম ও চরিত্রগত গুণাবলী- সম্পর্কে অবগত হবে।</li> <li>কবিতাটি পড়ে দক্ষতা অর্জন করবে এবং পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে।</li> </ul>	<p>পাঠ - 12 কথা ও কাহিনী- ব্রাহ্মণ কবি- রবীনাথ ঠাকুর পৃষ্ঠা সংখ্যা- 16-21</p>	<ul style="list-style-type: none"> <li>সহজ-সরলভাবে সরব পাঠের মধ্য দিয়ে পাঠটির মর্মার্থ ব্যক্ত করবেন।</li> <li>পাঠটি যে প্রাচীন উপনিষদ ছন্দোগ্য উপনিষদ থেকে নেওয়া হয়েছে সে সম্পর্কে ধারণা দেবেন।</li> <li>কাহিনীকেও যে কবিতার আকার দেওয়া যেতে পারে- সে সম্বন্ধে বলবেন।</li> <li>প্রকৃত ব্রাহ্মণত্ব কি? কিভাবে তা অর্জন করা যায় সে সম্পর্কে ধারণা দেবেন।</li> <li>প্রকৃত গুরু- শিষ্যের বৈশিষ্ট্য তুলে ধরবেন।</li> <li>সত্যের জন্য সবকিছু বিসর্জন করা যায় কিন্তু কোন কিছুর জন্য সত্যকে বিসর্জন করা ঠিক নয়। এই বোধ শিক্ষার্থীদের মধ্যে গড়ে তুলতে সাহায্য করবেন।</li> <li>পাঠের মধ্য থেকে প্রশ্ন করতে এবং পাঠ পড়ার ক্ষেত্রে কৌতুহল সৃষ্টি করার জন্য এই ধরনের কোনো আখ্যান তুলে ধরবেন।</li> <li>পাঠের মধ্যে নিহিত মহর্ষি গৌতম ও শিষ্য সত্যকাম সম্পর্কে ধারণা দেবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>কবিতার মধ্যে নিহিত মহর্ষি গৌতম এবং শিষ্য সত্যকামের জীবনী, জীবন দর্শন সম্পর্কে লেখার অবকাশ প্রদান করবেন।</li> <li>কবিতার মধ্যে নিহিত কঠিন শব্দ, মূল ভাবার্থ খুঁজে বার করার সুযোগ প্রদান করবেন।</li> <li>পাঠের বিষয়ে অবলম্বনে বস্তুনিষ্ঠ, সংক্ষিপ্ত, একটি বাক্যে উত্তর দেওয়ার মতো প্রশ্নের উপর গুরুত্ব দিতে হবে।</li> <li>প্রয়োজনে শ্রেণিকক্ষে ক্লাস টেস্ট নেওয়া যেতে পারে।</li> </ul>	<p>51-55 দিন</p>

CLASS :- X

SUBJECT :- বাংলা (BANGLA)

<p>শিখন ফলশ্রুতি Learning Outcomes</p>	<p>অধ্যায়/পাঠ Learning</p>	<p>শিখন সূচক Learning Indicators</p>	<p>পরামর্শমূলক প্রক্রিয়া Suggestive Process</p>	<p>সময় নির্ধারণ Duration(In Days)</p>
<ul style="list-style-type: none"> <li>তৎকালীন ধন গর্বে গর্বিত হৃদয়হীন আগ্রাসী মনোভাবাপন্ন জমিদারের অত্যাচারের স্বরূপ সম্পর্কে অবগত হবে।</li> <li>প্রবাস জীবনে, জননী জন্মভূমি ও তার প্রাকৃতিক সৌন্দর্য ভরা রূপের প্রতি আত্মিক টান যে কত গভীর হয় সে সম্পর্কে বোধ জন্মাবে।</li> <li>কবিতার অর্থ, ব্যাকরণগত প্রশ্ন, সারমর্ম জানবে ও ইত্যাদি বিষয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করবে।</li> <li>শিক্ষার্থীরা কবিতাটি সম্পর্কে দক্ষতা অর্জন করবে এবং পর্যালোচনা সম্পন্ন করে বিষয়টি সম্পর্কে অবগত হবে।</li> <li>এই সমাজে যার যত বেশি আছে, সে তত বেশি চায়। এই বোধের সত্যতা সম্বন্ধে জ্ঞান বাড়বে।</li> </ul>	<p>পাঠ - 13 কথা ও কাহিনী - দুই বিঘা জমি কবি - রবীন্দ্র নাথ ঠাকুর পৃষ্ঠা সংখ্যা- 36-31</p>	<ul style="list-style-type: none"> <li>কবিতাটির সরব পাঠ দেবেন, তারপর শিক্ষার্থীদেরকে পড়তে বলবেন।</li> <li>শিক্ষক কবিতাটির মূলভাব সহজভাবে উপস্থাপন করবেন এবং নিজের মতামত ব্যক্ত করবেন।</li> <li>পাঠের মধ্যে নিহিত প্রশ্নগুলো খুঁজে উত্তর বার করতে সাহায্য করবেন।</li> <li>কবিতাটি আবৃত্তি করবেন এবং নিজ বিচার শিক্ষার্থীদের সামনে তুলে ধরবেন।</li> <li>পাঠের মধ্যে নিহিত জটিল শব্দ, গুরুত্বপূর্ণ বাক্যের সরল ব্যাখ্যা এবং ব্যাকরণগত বিষয় আলোচনা করবেন।</li> <li>লেখক পরিচিতি এবং কবিতাটির নামকরণ বিষয়ে সম্যক ধারণা দেবেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>পাঠ্য বিষয়টির সঙ্গে মিল রেখে ভিন্ন একটি পাঠ তুলে ধরবেন। এক্ষেত্রে “ জমিদার দর্পণ ” নাটকের আখ্যানটি সংক্ষেপে শিক্ষার্থীদের সামনে তুলে ধরা যেতে পারে।</li> <li>পাঠের মধ্যে নিহিত ভাবকে লেখার সুযোগ প্রদান করবেন।</li> <li>পাঠের মধ্য থেকে বিভিন্ন প্রশ্ন তুলে তার সমাধানে কৌতুহল বৃদ্ধি করার সুযোগ প্রদান করা যেতে পারে।</li> <li>পাঠের বিষয়ে অবলম্বনে বস্তুনিষ্ঠ, সংক্ষিপ্ত ও একটি বাক্যে উত্তর দেওয়ার মত প্রশ্নের উপর গুরুত্ব দিতে হবে।</li> </ul>	<p>56-60 দিন</p>

# বাংলা লেখন

নাম	বিদ্যালয়/ সংস্থানের নাম
ড. বর্ণালী বসাক, সহায়ক অধ্যাপিকা	রাজকীয় মহিলা মহাবিদ্যালয়, গর্দনীবাগ, পাটনা
ড. সাগর সরকার, সহায়ক অধ্যাপক	বাংলা বিভাগ, পাটনা বিশ্ববিদ্যালয়, পাটনা
শ্রী জগদীশ কুমার বর্মণ, সহায়ক শিক্ষক	রাজ ইন্টার কলেজ বেতিয়া, পশ্চিম চম্পারণ

অকাদেমিক সহযোগিতা - রাজ্য শিক্ষা গবেষণা এবং প্রশিক্ষণ পরিষদ, বিহারের ফ্যাকাল্টি সদস্যগণ।

- ড. কিরণ শরণ, জয়েন্ট সূচক সহ- বিভাগীয় ইনচার্জ ভাষা এবং সামাজিক বিজ্ঞান বিভাগ।
- ড. রশ্মি প্রভা, বিভাগীয় ইনচার্জ, বিজ্ঞান এবং গণিত শিক্ষা বিভাগ।
- ড. রীতা রায়, বিভাগীয় ইনচার্জ, অধ্যাপক শিক্ষা বিভাগ।
- ড.বীর কুমারী কুজুর, বিভাগীয় ইনচার্জ, শিক্ষা শাস্ত্র পাঠ্যচর্চা, পাঠক্রম এবং মূল্যায়ন বিভাগ।
- ড. শ্রী রামবিনয় পাসওয়ান, বিভাগীয় ইনচার্জ, দূরশিক্ষা বিভাগ।
- ড. ম্লেহাশীষ দাস, বিভাগীয় ইনচার্জ, বিদ্যালয়ী শিক্ষা বিভাগ।
- ড. রাধারমন প্রসাদ, বিভাগীয় ইনচার্জ, শারীরিক, কলা এবং ক্র্যাফট বিভাগ।
- ড. রাজেন্দ্র প্রসাদ মন্ডল, বিভাগীয় ইনচার্জ, গবেষণা যোজনা এবং নীতি বিভাগ।
- ড. তেজ নারায়ণ প্রসাদ, ব্যাখ্যাতা, বিজ্ঞান এবং গণিত শিক্ষা বিভাগ।
- ড. অর্চনা, ইনচার্জ, শিক্ষা মনোবিজ্ঞান বিভাগ।
- শ্রীমতী বিভা রানী, সমন্বয়ক জনসংখ্যা শিক্ষা কোষাঙ্গ।
- শ্রীমতী আভা রানী, সম্প্রতি ব্যাখ্যাতা, SCERT, পাটনা।